



भारत सरकार

गृह-विभाग, भारत सरकार

Job Category: Security/Protective Services

Job Source: भारत सरकार

Job Summary

Posted On: 11 Oct 2024

Application Deadline: 4 Nov 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজ-এর কার্যালয়, রাজশাহী

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-৪১৯/২৪-জি


তারিখ : ০৯/১০/২০২৪ খ্রিঃ

রাজশাহী জেলা জজ আদালতের নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উল্লেখিত পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১.	সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	০১ (এক) টি	১০২০০-২৪৬৮০/-	১. যে কোন স্নিক্ত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ২. সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে সাঁটলিপি ও কম্পিউটার কোর্সের সনদপ্রাপ্ত। ৩. সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ লেখার গতি অবশ্যই থাকতে হবে। ৪. কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে হবে।
২.	নিম্নমান সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৩ (তিন) টি	৯৩০০-২২৪৯০/-	১. যে কোন স্নিক্ত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা উহার সমমানে পরীক্ষায় উত্তীর্ণ। ২. সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার কোর্সের সনদপ্রাপ্ত। ৩. কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে হবে।
৩.	জরীকারক	০৪ (চার) টি	৮৫০০-২০৫৭০/-	১. যে কোন স্নিক্ত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৪.	অফিস সহায়ক	০২ (দুই) টি	৮২৫০-২০০১০/-	৮ম শ্রেণী পাস।

শর্তাবলী

- প্রার্থীকে জেলা জজ, রাজশাহী বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) ১৯-০৯-২০২৪ খ্রিঃ তারিখে বয়স, (জ) জাতীয়তা, (ঝ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ঞ) ধর্ম, (ট) নিজ জেলা, (ঠ) মোবাইল নম্বর (ড) শিক্ষাগত যোগ্যতা (ঢ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- আবেদনপত্র চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, অতিরিক্ত জেলা জজ, ২য় আদালত, রাজশাহী বরাবর আগামী ০৪-১১-২০২৪ খ্রিঃ তারিখ বেলা ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি উক্ত অফিসে রক্ষিত বাগে পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ইংরেজি ১৯-০৯-২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
ক. শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
খ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
গ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঘ. স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
ঙ. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
চ. প্রার্থীর নাম-ঠিকানাসহ ১০ (দশ) টাকার ডাকটিকিট সম্বলিত ১.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম।
- ডাকরিপত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা "চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, জেলা জজ আদালত, রাজশাহী, হিসাব নং-৪৬১৯৩০২০০৮৩৪, সোনালী ব্যাংক লিঃ, কোর্ট বিল্ডিং শাখা, রাজশাহী" বরাবর পেমেণ্ট অর্ডার/ডিডি/সরাসরি ভাউচারের মাধ্যমে জমা করতে হবে। টাকা জমার মূল রসিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- উপযুক্ত প্রার্থীদের লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে এবং rajshahi.judiciary.org.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- সাক্ষাৎকারের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- খামের উপর অবশ্যই পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- বিজ্ঞাপিত পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশি করার এবং এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- প্রচলিত নিয়োগ বিধি/সরকারের অপরাপর বিধি/আদেশ আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



(শারমিন আখতার)
অতিরিক্ত জেলা ও দায়রা জজ
২য় আদালত
ও
চেয়ারম্যান
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
রাজশাহী